10 MAY 2017
পৃঃ ১২ ৪

সংবাদ

# এইচএসসির ব্যবহারিক পরীক্ষায় অর্থ বাণিজ্য!

সংবাদদাতা, নাজিরপুর (পিরোজপুর)

নাজিরপুর

পিরোজপুরের নাজিরপুরে এইচএসসি পরীক্ষার কারিগারি শাখায় ব্যাবহারিক পরীক্ষার নামে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। পরীক্ষার্থীরা জানায়, এ ব্যবহারিক পরীক্ষার জন্য প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের প্রত্যেকের কাছ থেকে যথাক্রমে ৫শ' ও ৬শ' টাকা করে আদায় করা হচ্ছে। উপজেলার বৈঠাকাটা কলেজের কারিগরি শাখার দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থী সুপ্তি বৈরাগী জানায়, তার কলেজের শিক্ষক জিয়াউল কবিরকে এ জন্য ৬শ' দিতে হয়েছে। এ ব্যাপারে অভিযুক্ত শিক্ষক টাকা নেয়ার কারন জানতে চাইলে তিনি এ ব্যাপারে কোন সদুত্তর না দিয়েই চলে যান। উপজেলা সদরের নাজিরপুর ডিগ্রি কলেজের এ শাখার দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থীরা জানায়, তাদের কলেজের শিক্ষক স্বপন কুমার তালুকদার এ টাকা আদায় করেছেন। তবে অভিযুক্ত ওই শিক্ষক জানান, পরীক্ষায় বিভিন্ন খাতে অনেক টাকা খরচ হয় তাই কেন্দ্র খরচ বাবদ এ টাকা নেয়া হয়েছে। এ ব্যাপারে নাজিরপুর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আফজাল হোসেন কিছুই জানেন না বলে জানান। জানা গেছে, উপজেলা সদরের নাজিরপুর ডিগ্রি কলেজ, সুধাংশু শেখর কারিগরি, বৈঠাকাটা ও মাটিভাংগা এ ৪ কলেজের পাঁচ শতাধিক শিক্ষার্থীর কাছ থেকে প্রায় ৩ লাখ টাকা হাতিয়ে নেয়া হয়েছে। এ ব্যাপারে কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, এজন্য পরীক্ষার আগে বা পরে পৃথকভাবে কোন টাকা নেয়ার বিধান নেই। এমন অভিযোগ পেলে অভিযুক্তদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে।